গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়কপরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি'র সভা'র কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মনীন্দ্র কিশোর মজুমদার**<br>যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ |
| তারিখ | : | ০৯.০৩.২০২১ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বেলা ১১.০০টা |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত ত্রৈমাসিকগুলোর ধারাবাহিকতায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ সচেষ্ট আছে মর্মে উল্লেখ করে এ ধারা অব্যাহত রাখার আহ্বান জানানো হয়। এ পর্যায়ে সভাপতি কমিটির সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব (অডিট)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

**আলোচ্যসূচি-১:** এ বিভাগের আওতাধীন দপ্তরসংস্থার/ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ মোতাবেক বাস্তবায়িত কার্যক্রম এর উপর ফলাবর্তক প্রদান:

২. আলোচনার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (অডিট) আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর অগ্রগতি প্রতিবেদনের উপর এ বিভাগের মন্তব্য উপস্থাপন করেন:

| কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মন্তব্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সওজ অধিদপ্তর | বিআরটিএ | বিআরটিসি | ডিটিসিএ | ডিএমটিসিএল | ঢাকা বিআরটি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| প্রাতিষ্ঠানিক | [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১.১] সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করা হয়নি। | সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করা হয়নি। | সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করা হয়নি। | সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন যথাযথ হয়নি। | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম গৃহীত হয়নি। |
| | [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। | - |
| সক্ষমতা অর্জন ও পরিবীক্ষণ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ আয়োজিত | প্রশিক্ষণ আয়োজন করা হয়নি। | ৪টি সেশন আয়োজন করা হয়েছে মর্মে তথ্য প্রদান করা হলেও প্রমাণক দাখিল করা হয়নি। | ২টি সেশন আয়োজন করা হয়েছে মর্মে তথ্য প্রদান করা হলেও প্রমাণক দাখিল করা হয়নি। | ১টি সেশন আয়োজন করা হয়েছে মর্মে তথ্য প্রদান করা হলেও প্রমাণক দাখিল করা হয়নি। | ৩টি সেশন আয়োজন করা হয়েছে মর্মে তথ্য প্রদান করা হলেও প্রমাণক দাখিল করা হয়নি। | - |
| | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [২.২.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | অবহিতকরণ সভা আয়োজন করা হয়নি। | ৪টি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে মর্মে তথ্য প্রদান করা হলেও প্রমাণক দাখিল করা হয়নি। | ১টি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে মর্মে তথ্য প্রদান করা হলেও প্রমাণক দাখিল করা হয়নি। | অবহিতকরণ সভা আয়োজন করা হয়নি। | অবহিতকরণ সভা আয়োজন করা হয়নি। | - |

৩. সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত মূল্যায়ন নির্দেশিকার আলোকে সকল কর্মসম্পাদনসূচকের বিপরীতে প্রয়োজনীয় প্রমাণক দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক দাখিল না করায় দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ প্রদান করা হয়।

**৩.১ সিদ্ধান্ত:** ৩০ মার্চ'২০২২ এর মধ্যে দপ্তর/সংস্থাসমূহের কর্মসম্পাদন সূচকসমূহের বিপরীতে প্রয়োজনীয় প্রমাণক দাখিল করতে হবে।
**বাস্তবায়নে:** এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

**আলোচ্য সূচি-২:** সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর অনুবৃত্তিক্রমে কার্যক্রম নির্ধারণ

৪. সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, আওতাধীন দপ্তর/সংস্থার স্ব স্ব কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অনুবৃত্তিক্রমে পরবর্তী কার্যক্রম নির্ধারণ করা আবশ্যক।

**৪.১ সিদ্ধান্ত:** আওতাধীন দপ্তর/সংস্থার স্ব স্ব কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অনুবৃত্তিক্রমে আগামী ১০.০৪.২০২২ খ্রিস্টাব্দ তারিখ এর মধ্যে পরবর্তী কার্যক্রম নির্ধারণ করে এ বিভাগ-কে অবহিত করতে হবে।

**বাস্তবায়নে:** এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

**আলোচ্য সূচি-৩:** বিবিধ

৫. সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, এ বিভাগের বিভিন্ন সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার বদলী/অবসরজনিত পরিবর্তনের কারণে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতঃ ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। একই সাথে মন্ত্রিপরিষদ বিভাগের ফলাবর্তক সেশনের নির্দেশনা মতে আগামী ৩০.০৩.২০২২ তারিখের মধ্যে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির পিডিএফ ফরমেটের পাশাপাশি এইচটিএমএল ফরম্যাট ওয়েবসাইটে আপলোড করতে হবে।

**৫.১ সিদ্ধান্ত:** ৩০ মার্চ ২০২২২ তারিখের মধ্যে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতঃ ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
**বাস্তবায়নে:** সিনিয়র সহকারী সচিব (অডিট)/সিসেটে এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

**৫.২ সিদ্ধান্ত:** ৩০ মার্চ ২০২২২ তারিখের মধ্যে এ বিভাগের ওয়েবসাইটে প্রদর্শিত সেবা প্রদান প্রতিশ্রুতি এর পিডিএফ ফরমেটের সাথে এইচটিএমএল ফরম্যাট আপলোড করতে হবে।
**বাস্তবায়নে:** সিসেটে এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

আলোচ্য সূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/-**
**২১.০৩.২০২২**
**মনীন্দ্র কিশোর মজুমদার**
যুগ্মসচিব (প্রশাসন)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

নং-৩৫.০০.০০০০.০৪৯.১৬.০০১.২০-৯৫ তারিখঃ ০৮ চৈত্র ১৪২৮ / ২২ মার্চ ২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃ:আ: উপসচিব, সুশাসন অধিশাখা]
২. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
৪. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা
৫. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা

৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‌্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়কপরিবহন ও মহাসড়কবিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. উপসচিব (টোল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি, অডিট, প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩. অফিস কপি

২১.০৬.২০২২

(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২-২২৩৩৫৫৫২৮
ই- মেইল :dsaudit@rthd.gov.bd